**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**

**নির্বাহী প্রকৌশলী'র দপ্তর**

ড্রেজার অপারেশন বিভাগ

বাপাউবো, পলাশবাড়ী, গাইবান্ধা

xen.dredger.gaibandha@gmail.com

www.bwdb.gov.bd | বাপাউবো.বাংলা


**স্মারক নংঃ ড্রেঅবিগা/১১০৩** **তারিখঃ ১৪/০৭/২০২৬ খ্রি.**

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, পলাশবাড়ী, গাইবান্ধা দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। আগ্রহী ঠিকাদার/সরবরাহকারীগণ কর্তৃক উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে আবেদন ফি পরিশোধ করে আগামী **১৬/০৭/২০২৬** খ্রি. হতে **১৬/০৮/২০২৬** খ্রি.পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত) সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা সময়ের মধ্যে নির্বাহী প্রকৌশলী'র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদন পত্র (ডকুমেন্ট) সংগ্রহ ও নিম্ন ছকে বর্ণিত কাগজ পত্রাদিসহ জমা প্রদান করা যাবে। **নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম প্রদান এবং আবেদন গ্রহণ করা হবে না।**

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির (কার্য ও পণ্য) আবেদনের তফসিলঃ**

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, পলাশবাড়ী, গাইবান্ধা। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২। হালনাগাদ ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ৩। ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (ব্যাংক স্টেটমেন্টসহ) ৪। জাতীয় পরিচয়পত্র ৫। পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি ৬। ঠিকাদার/সরবরাহকারী মালিকের ৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা।<br>**(বিশেষ দ্রষ্টব্যঃ পিপিআর-২০২৫ এবং কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১১৬, তারিখঃ ২৯/১০/২০২৫ খ্রিঃ এর নির্দেশনা প্রযোজ্য হবে)** |
| ৫। | আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর বরাবরে। |
| ৬। | তালিকাভূক্তিকরন ফি | নতুন তালিকাভূক্তির ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা সাথে ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর বরাবরে।<br>**(উল্লেখ্য যে, পিপিআর-২০২৫ এর বিধি ৬৮(৩) (ঙ) মোতাবেক একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী নারী হলে নিবন্ধন ফি বাবদ ৩০০০.০০ (তিন হাজার) টাকা (১৫% ভ্যাট ব্যতীত) অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার)** |
| ৭। | আবেদনের সময়সীমা | ১৬-০৭-২০২৬ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে ১৬-০৮-২০২৬ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির (কার্য ও পণ্য) নবায়নের তফসিলঃ**

| | | |
|---|---|---|
| ১। | আবেদনকারীর যোগ্যতা | ১। আবেদন পত্র ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ৩। হালনাগাদ ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| ২। | নবায়ন ফি | নবায়নের ফি বাবদ ২,০০০.০০ (দুই হাজার) টাকা সাথে ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর বরাবরে।<br>**(উল্লেখ্য যে, পিপিআর-২০২৫ এর বিধি ৬৮(৩) (ঙ) মোতাবেক একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী নারী হলে নবায়ন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা (১৫% ভ্যাট ব্যতীত) অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার)** |
| ৩। | আবেদনের সময়সীমা | ১৬-০৭-২০২৬ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে ১৬-০৮-২০২৬ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |

### "শর্তাবলী"

১। নবায়নের ক্ষেত্রে অবশ্যই ঠিকাদার তালিকাভুক্তির রেজিস্ট্রেশন বই জমা দিতে হবে।

২। আবেদনের সাথে ২০২৫-২৬ অর্থ বছরে আয়কর প্রদানের প্রমানক প্রদান করতে হবে।

৩। ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভুক্তি করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর যথাক্রমে **১০.০০ লক্ষ** (কার্য) ও **৫.০০ লক্ষ** (পণ্য) টাকার ব্যাংক সলভেন্সী প্রদান করতে হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সলভেন্সী সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে।

৪। ঠিকাদারগণ আবেদনপত্রের সহিত পিপিআর-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) এবং কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং- ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১১৬, তারিখঃ ২৯/১০/২০২৫ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক (ক) অতিক্ষুদ্র ও ক্ষুদ্র প্রতিষ্ঠান (Micro and small enterprise), (খ) নারী-মালিকানাধীন প্রতিষ্ঠান (Women-owned enterprise) এবং (গ) নূতন প্রতিষ্ঠান (New enterprise) উল্লেখকরতঃ প্রয়োজনীয় তথ্যাদি জমা দিতে হবে। অন্যথায় সীমিত দরপত্র পদ্ধতিতে পণ্য বা কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে সামাজিক ক্রয় ক্যাটাগরীর মাধ্যমে সম্পাদনের জন্য সংরক্ষিত ক্রয়কার্যের দরপত্রে অংশগ্রহন করতে পারবেন না।

৫। ঠিকাদারগণের আবেদনপত্র যাচাই বাচাই পূর্বক প্রাথমিকভাবে নির্বাচিত ঠিকাদারগণের তালিকা প্রকাশিত হবার পর তালিকাভূক্তিকরণ ফি ও নবায়ন ফি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) প্রাক্কলন শাখায় জমা করতে হবে।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারন দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহন অথবা বাতিল করার ক্ষমতা রাখেন। সীমিত দরপত্র পদ্বতিতে (LTM) অংশগ্রহনের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

১৪/০৭/২৬

**(মোঃ রুবায়েত ইমতিয়াজ)**
আইডি নং- ৮৭০১২৭০০১
নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (অঃদাঃ)
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, পলাশবাড়ী, গাইবান্ধা।

**স্মারক নংঃ ড্রেঅবিগা/১১০৩/১(৮)** **তারিখঃ ১৪/০৭/২০২৬ খ্রি.**

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), ড্রেজার, বাপাউবো, খুলনা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, সিরাজগঞ্জ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। (তালিকাটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো।)
৫। উপ-পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর।
৬। উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক)/সহকারী প্রকৌশলী (যা./বি.), গাইবান্ধা ড্রেজার অপারেশন উপ-বিভাগ-১/২, বাপাউবো, পলাশবাড়ী, গাইবান্ধা।
৭। উপ-সহকারী প্রকৌশলী (যা./বি.)(সকল)/প্রাক্কলনিক, অত্র দপ্তর।
৮। দপ্তর কপি/ নোটিশ বোর্ড।

১৪/০৭/২৬

নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, পলাশবাড়ী, গাইবান্ধা।